



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ  
e-mail : dgmbcbd@krishibank.org.bd



পত্র নং- প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)/শুদ্বাচার/২০২০-২০২১/৪৩৯(৪)

তারিখ : ১৩.০৯.২০২০

মহাব্যবস্থাপক  
বিভাগীয় কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
ঢাকা, চট্টগ্রাম, খুলনা, কুষ্টিয়া।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী গণশুনানি আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ নির্ধারিত সময়ের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে দাখিল করা হয়েছে। একইসঙ্গে অত্র ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab এ Upload করা হয়েছে। সেপ্টেম্বর, ২০২০ হতে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে নিয়মিত প্রেরণ করতে হবে।

০২। উক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর অনুষঙ্গ ৮.৬ অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপস্থিতিতে ৩১.১২.২০২০ তারিখের মধ্যে ০১টি প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ ব্যাপারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ মোতাবেক বাস্তবায়ন নির্দেশনা নিম্নরূপ:

## ক্রমিক ৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ

### ৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন

দপ্তর/সংস্থাসমূহ প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন করবে এবং লক্ষ্যমাত্রা করে ৬ নম্বর কলামে উল্লেখ করতে হবে এবং এবং ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিকভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করতে হবে।  
মূল্যায়ন পদ্ধতি: লক্ষ্যমাত্রা অনুসারে প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।  
প্রমাণক: নোটিশ, পত্র, ছবি।


০৩। এমতাবস্থায়, করোনা পরিস্থিতির কারণে আগামী ২৭.০৯.২০২০ তারিখ সকাল ১১টায় ভিডিও কনফারেন্সিংএর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নিম্নোক্ত বিষয়বস্তুর উপর আপনার বিভাগ হতে মোট ০৫(পাঁচ) জনকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে উক্ত গণশুনানিতে অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো। গণশুনানির বিষয়বস্তুসমূহ নিম্নরূপ :

ক) আমানত হিসাব গ্রাহক, খ) ঋণ গ্রহিতা, গ) পেনশন গ্রহিতা (ব্যাংকের নিজস্ব/সামরিক পেনশন)।

০৪। গণশুনানির প্রমানক হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগের বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ মোতাবেক নোটিশ, পত্র, ছবি কনফারেন্স অনুষ্ঠানের পরের দিন অত্র বিভাগে ই-মেইলের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

  
২৬/০৯/২০২০  
(মোহাম্মদ মনিরুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক

অনুলিপি প্রেরণ:

- ০১। উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা - আগামী ২৭.০৯.২০২০ তারিখ সকাল ১১টায় ব্যাংকের বোর্ডরুমে ভিডিও কনফারেন্সিংএর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংযুক্ত গণবিজ্ঞপ্তিটি ওয়েবসাইটের পাবলিক জোন ও NIS Tab এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০২। নথি।